USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

নিসর্গ নেটওয়ার্ক

সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা
কাপ্তাই জাতীয় উদ্যান
(২০১০-২০১৫)

কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটি
কাপ্তাই, রাঙ্গামাটি

বন অধিদপ্তর

Department of Environment

সূচিপত্র

পার্ট - ১ ঃ বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ			
ক্রমিক নং	**বিষয় বস্তু**	**ঃ**	**পৃষ্ঠা নং**
১.০	ভূমিকা	ঃ	২
১.১	অবস্থান এবং গঠন	ঃ	২
	চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকাসমূহ	ঃ	৩
	চিত্র ২ঃ কাপ্তাই জাতীয় উদ্যানের মানচিত্র	ঃ	৪
	চিত্র ৩ ঃ কাপ্তাই সহ-ব্যবস্থাপনার অধীন ল্যান্ডস্কেপ এলাকার মানচিত্র	ঃ	৫
১.২	সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য	ঃ	৬
২.০	জীববৈচিত্র্য সংরক্ষনের বৈশিষ্ট্যসমূহ	ঃ	৭
২.১	জীববৈচিত্র্যের গুর ত্ব	ঃ	৭
২.২	জীববৈচিত্র্য সংরক্ষনের উপকারিতা	ঃ	৭
২.৩	বন্যপ্রানী সংরক্ষন	ঃ	৮
২.৪	বনাঞ্চলের সীমারেখা	ঃ	৮
২.৫	বনাঞ্চলের জীব-ভৌত অবস্থা	ঃ	৮-৯
৩.০	জীববৈচিত্র্য এবং আবাসস্থল	ঃ	৯
৩.১	প্রতিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রানীকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশেণ্ডষন	ঃ	৯
৩.২	জীববৈচিত্র্যের ব্যবহার	ঃ	৯
৪.০	জীববৈচিত্র্যের ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা	ঃ	১০
৪.১	বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতি সমূহ ঃ	ঃ	১০
৪.২	বন্যপ্রানী ব্যবস্থাপনা	ঃ	১০-১১
৪.৩	জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষনাবেক্ষন এবং পুনর দ্ধার	ঃ	১১
৪.৪	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	১১
৪.৫	বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পন্য ব্যবস্থাপনা	ঃ	১১
৪.৬	জাতীয় উদ্যান ব্যবস্থাপনার প্রতিবন্ধকতা	ঃ	১১-১২
৪.৭	প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যু সমুহ	ঃ	১২
৫.০	ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা	ঃ	১২
৫.১	ল্যান্ডস্কেপ পন্থা	ঃ	১২
৫.২	রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা	ঃ	১২-১৩
৫.৩	ভূমি ব্যবহার এর বর্তমান অবস্থা	ঃ	১৩
৫.৪	সংলগ্ন/সংশিণ্ডষ্ট গ্রামসমূহ	ঃ	১৩
৫.৫	স্টেকহোল্ডার পর্যালোচনা	ঃ	১৩
৫.৬	কৃষি জমি এবং বসত ভিটার ব্যবহার	ঃ	১৪
৫.৭	বনভূমির অবৈধ দখল	ঃ	১৪
পার্ট - ২ ঃ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশ সমূহ			
১.০	রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা	ঃ	১৬
১.১	উদ্দেশ্য	ঃ	১৬
১.২	সহ-ব্যবস্থাপনা পদ্ধতি	ঃ	১৭

১.২.১	সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্য সমূহ	ঃ	১৭
১.২.২	সহ-ব্যবস্থাপনা সংগঠন সমূহ	ঃ	১৭
১.২.৩	সুবিধা সমূহের বন্টন	ঃ	১৮
১.২.৪	ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল/এনডোমেন্ট ফান্ড/ঘূর্ণায়মান তহবিল	ঃ	১৮
২.০	আবাসস্থল পূনর"দ্ধার কর্মসূচি	ঃ	১৯
২.১	উদ্দেশ্যসমূহ	ঃ	১৯
২.২	বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদ করন	ঃ	১৯
২.৩	সীমানা চিহ্নিতকরন	ঃ	১৯
২.৪	অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/পশু চরানো নিয়ন্ত্রন করা	ঃ	১৯
৩.০	ব্যবস্থাপনা কার্যক্রম	ঃ	২০
৩.১	উদ্দেশ্য	ঃ	২০
৩.২	তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা	ঃ	২০
৩.৩	রক্ষিত এলাকার মুল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা	ঃ	২০
৩.৩.১	আবাসস্থল উন্নয়ন কার্যক্রম	ঃ	২০
৩.৩.১.১	এনরিচমেন্ট পণ্ডান্টেশন	ঃ	২০
৩.৩.১.২	ঘাস জমির উন্নয়ন	ঃ	২০
৩.৩.১.৩	জলাশয় রক্ষনাবেক্ষন	ঃ	২০
৩.৩.১.৪	বিশেষ ধরনের আবাসস্থল রক্ষনাবেক্ষন	ঃ	২০
৩.৩.২	আবাসস্থল পুনর"দ্ধার কার্যক্রম	ঃ	২০
৩.৩.২.১	ওয়াটারশেড ব্যবস্থাপনা	ঃ	২০
৩.৩.২.২	পরিবেশ বান্ধব কর্মকান্ড পুনর"দ্ধার	ঃ	২১
৩.৪	তৎসংলগ্ন ল্যান্ডস্কেপ অঞ্চল (জোন)		২১
৩.৪.১	বাফার অঞ্চল	ঃ	২১
৩.৪.২	ল্যান্ডস্কেপ অঞ্চল	ঃ	২১
৪.০	জীবীকায়ন এবং ভ্যালু চেইন কর্মসূচী	ঃ	২১
৪.১	উদ্দেশ্য	ঃ	২১
৪.২	ভেলু চেইন এবং কনর্জারভেশন এন্টারপ্রাইজ	ঃ	২১-২২
৪.২.১	কৃষি এবং হর্টিকালচার ফসল	ঃ	২২
৪.২.১.১	সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা	ঃ	২২
৪.২.১.২	উচ্চফলনশীল ফসলের চাষাবাদ	ঃ	২২
৪.২.১.৩	ভিলেজ নার্সারী	ঃ	২২
৪.২.১.৪	হর্টিকালচার এগ্রো ফরেষ্টী	ঃ	২২
৪.২.২	মৎস চাষ/আহরন	ঃ	২২
৪.২.৩	বাঁশ সম্পদ উন্নয়ন	ঃ	২২
৪.২.৪	হস্ড়শিল্প এবং তাঁতশিল্প	ঃ	২২
৪.২.৫	উন্নত চুলা	ঃ	২২
৪.২.৬	পুকুর সংস্কার	ঃ	২২
৫.০	ফেসেলিটিস (অবকাঠামো মূলক) উন্নয়ন কর্মসূচী	ঃ	২৩
৫.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৩

৫.২	সুবিধাদি	ঃ	২৩
৫.৩	বনে রাস্ড়া/ট্রেইল নির্মান ও সংস্কার	ঃ	২৩
৬.০	দর্শনাথীর ব্যবস্থাপনা কর্মসূচি	ঃ	২৩
৬.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৩
৬.২	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৩
৬.২.১	পরিবেশ বান্ধব পর্যটন এলাকা চিহ্নিতকরন	ঃ	২৩
৬.২.২	প্রবেশ ফি	ঃ	২৪
৬.২.৩	প্রকৃতি এবং হাইকিং ট্রেইল	ঃ	২৪
৬.২.৪	পিকনিকের জন্য সুবিধাদি	ঃ	২৪
৬.২.৫	কমিউনিটি ভিত্তিক পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৪
৬.২.৬	পরিবেশ বান্ধব পর্যটন নিয়ন্ত্রন	ঃ	২৪
৬.৩	সংরক্ষন বিষয়ক শিক্ষা ও সচেতনতা	ঃ	২৪
৬.৩.১	পর্যটন শিক্ষার জন্য ইন্টারপ্রিটেটিভ মাধ্যম	ঃ	২৪
৬.৩.২	পরিবেশ বিষয়ক শিক্ষা	ঃ	২৫
৭.০	কমিউনিটি মনিটরিং সক্ষমতা বৃদ্ধিকরন কর্মসূচী	ঃ	২৫
৭.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৫
৭.২	অংশগ্রহন মূলক মনিটরিং	ঃ	২৫
৮.০	প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী	ঃ	২৫
৮.১	উদ্দেশ্যসমূহ	ঃ	২৫
৮.২	স্টাফিং	ঃ	২৫
৮.৩	দায়িত্ব ও কর্তব্য সমূহ	ঃ	২৫
৯.০	বাজেট	ঃ	২৫
৯.১	প্রয়োজনীয় ইনপুট এবং নির্দেশক বাজেট প্রাক্কলন	ঃ	২৬
৯.২	বাজেট পরিবর্তন/পরিমার্জন	ঃ	২৬
১০.০	সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলোর ধারাবাহিকতার বজায় রক্ষার কৌশল	ঃ	২৬
১০.১	আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা ভিত্তিক ধারাবাহিকতার কর্ম পরিকল্পনা প্রনয়ন	ঃ	২৬
১০.২	ধারাবাহিকতার জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়ন	ঃ	২৬-২৭
১০.৩	দীর্ঘমেয়াদী এবং সম্মনিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা	ঃ	২৭
১০.৪	‘নিসর্গ নেটওয়ার্কের’ পলিসি এবং আইনগত সমর্থন নিশ্চিতকরন	ঃ	২৭
১০.৫	মত বিনিময়ের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন	ঃ	২৭
১১.০	জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অভিযোজন পরিকল্পনা	ঃ	২৮
১১.১	জলবায়ু পরিবর্তন	ঃ	২৮
১১.২	জলবায়ু পরিবর্তনের কারণসমূহ	ঃ	২৮
১১.৩	কাপ্তাই জাতীয় উদ্যান এবং এর ল্যান্ডস্কেপে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ	ঃ	২৮
১১.৩.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি	ঃ	২৮
১১.৩.২	অতি বৃষ্টিপাত	ঃ	২৮
১১.৩.৩	নদীর ক্ষীণ প্রবাহ	ঃ	২৮
১১.৩.৪	আকস্মিক বন্যা	ঃ	২৮
১১.৩.৫	খরার প্রকোপ	ঃ	২৯

১১.৩.৬	ঝড় ঝঞ্ঝা	ঃ	২৯
১১.৩.৭	নদীতীর ও মোহনায় ভাঙ্গন ও ভূমি গঠন	ঃ	২৯
১১.৪	জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে কাপ্তাই জাতীয় উদ্যানের জন্য করণীয় অভিযোজন সমূহ	ঃ	২৯
১১.৪.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি/ঝড় ঝঞ্ঝা/আকস্মিক বন্যা/অতি বৃষ্টিপাত জনিত কৃষি ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.২	পানির ঝুঁকির অভিযোজন	ঃ	২৯-৩০
১১.৪.৩	স্বাস্থ্য ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৪.৪	উন্নয়ন ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৪.৫	খরা ঝুঁকির অভিযোজন	ঃ	৩০
১১.৫	অভিযোজনের সম্ভাব্য উপায়সমূহ	ঃ	৩০-৩১
১১.৬	কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন স্থানীয় জনগন কর্তৃক চিহ্নিতকৃত কাপ্তাই জাতীয় উদ্যান এবং এর ল্যান্ডস্কেপ এলাকায় জলবায়ু পরিবর্তনজনিত ক্ষয়ক্ষতি এবং এর সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা	ঃ	৩১-৪৩
	পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (সম্ভাব্য)	ঃ	৪৪-৫০

পার্ট - ১

বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ

১.০ ভূমিকাঃ

কাপ্তাই সংরক্ষিত বনাঞ্চলের অধীনে 'কাপ্তাই জাতীয় উদ্যান' জীববৈচিত্র্যের দিক থেকে রক্ষিত এলাকাগুলোর মধ্যে অন্যতম। সরকার বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষন) (সংশোধন) আদেশ, ১৯৭৪ অনুযায়ী ৫,৪৬৪.৭৮ হেক্টর বনভূমিকে ১৯৮৩ সনে 'কাপ্তাই জাতীয় উদ্যান' হিসাবে ঘোষণা করেন। এক জরিপ মতে, উক্ত জাতীয় উদ্যানে ১৬৭ প্রজাতির উদ্ভিদ, ২০ প্রজাতির স্ড়্যাপায়ী প্রানী, ১৪৬ প্রজাতির পাখি, ৬ প্রজাতির সরীসৃপ এবং ৪ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। এ জাতীয় উদ্যানের প্রধান প্রধান উদ্ভিদ গুলোর মধ্যে অর্জুন, বহেরা, বৈলাম, চিকরাশী, চম্পাফুল, শিলকরই, ঢাকিজাম, গর্জন, উরিয়াম, লোহাকাঠ, চাপালিশ, বাটনা, জার"ল, গোদা প্রভৃতি উলে- খযোগ্য। প্রাণী প্রজাতির মধ্যে হাতি, বানর, মুখপোড়া হনুমান, মায়া হরিণ, ধনেশ ও অজগর উলে- খযোগ্য। ঘন জন বসতির বনের উপর অতি মাত্রায় নির্ভরশীলতা, বনভূমি হ্রাস, বনভূমির বিভক্তি, জবরদখল, অবৈধ বৃক্ষ নিধন ও বন্যপ্রাণী শিকারের ফলে বনের জীববৈচিত্র্য আজ হুমকির সম্মুখীন। এরূপ পরিস্থিতিতে বনের জীববৈচিত্র্য তথা প্রাকৃতিক পরিবেশ রক্ষার উদ্দেশ্যকে সামনে রেখে স্থানীয় জনগোষ্টীকে (বিশেষতঃ বন নির্ভলশীল) সম্পৃক্ত করে সহ-ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় উদ্যানের জীববৈচিত্র্য সংরক্ষণ এর পাশাপাশি স্থানীয় জনগনের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজন রক্ষিত এলাকার জন্য একটি সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা। সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত নেতৃবৃন্দ যাতে নিজেদের উন্নয়ন পরিকল্পনা নিজেরাই প্রনয়ন এবং বাস্ড়বায়ন করতে পারেন। সেই উদ্দেশ্যে মাত্র তিন দিনের প্রশিক্ষনের মাধ্যমে এই সহ-ব্যবস্থাপনা প্রনয়নের পদক্ষেপ গ্রহন করা হয়েছে।

যাইহোক কাপ্তাই জাতীয় উদ্যানের জন্য গঠিত সহ-ব্যবস্থাপনা কমিটির সদস্যদের স্বল্প মেয়াদী প্রশিক্ষনের মাধ্যমে প্রনীত এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা, যা আইপ্যাক প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মী (Performance Monitoring and Applied Research Associate) এর সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেছেন। এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা কাপ্তাই জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা এবং উন্নয়নের লক্ষ্যে কাপ্তাই জাতীয় উদ্যান সহ-ব্যবস্থাপনা কমিটির জন্য দিক নির্দেশনা হিসাবে বিবেচিত হতে পারে।

১.১ অবস্থান এবং গঠনঃ

কাপ্তাই জাতীয় উদ্যান রাংগামাটি জেলার কাপ্তাই উপজেলায় অবস্থিত। ৫,৪৬৪.৭৮ হেক্টর বনভূমি সম্বলিত কাপ্তাই জাতীয় উদ্যান কর্নফুলী এবং কাপ্তাই রেঞ্জ নিয়ে গঠিত। এর মধ্যে কাপ্তাই রেঞ্জের আওতায় রয়েছে ২,১৯৫.৮৬ হেক্টর বনভূমি বর্তমানে যা কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটির (সিএমসি) আওতাধীন। এতিহ্যবাহী কর্ণফুলী নদীর পূর্বে প্রান্ড়ে সীতা পাহাড়, উত্তরে রাম পাহাড়, উদ্যানের মাঝখান দিয়ে ধাবমান কাপ্তাই- চট্টগ্রাম সড়ক ও কাপ্তাই জাতীয় উদ্যানে মূল গেটের ১ কিলোমিটার সামনে প্রাকৃতির মনোরম পরিবেশে প্রশান্ড়ির পিকনিক স্পট ০১ ও ০২। পার্শ্বে নিরাপত্তা বাহিনীর আনসার ক্যাম্প, দক্ষিনে কাপ্তাই উপজেলা সদর, ওয়াগ্গা ছড়া বর্ডার গার্ড অব বাংলাদেশের ক্যাম্প, অত্যাধুনিক ওয়াগ্গা ছড়া চা বাগান এবং পূর্বে ঐতিহ্যবাহী চিৎমরম বৌদ্ধ বিহার অবস্থিত।
অন্য ভাবে বলা যায়, কাপ্তাই রেঞ্জের ঃ

- ❖ উত্তরে কামিলাছড়ি মৌজা
- ❖ পূর্বে ওয়াগ্গা মৌজা
- ❖ দক্ষিণে কর্ণফুলী রেঞ্জ
- ❖ পশ্চিমে বিলাইছড়ি থানা অবস্থিত।

এখানে চিরহরিৎ ও মিশ্র চিরহরিৎ পাহাড়ী বনভূমি বিদ্যমান। মাটি প্রধানতঃ কর্দমাক্ত হতে কর্দমাক্ত দো-আশঁ এবং পাহাড়ে বেলে দো-আশঁ মাটি। বেশ কিছু পাহাড়ী ছড়া পূর্ব ও পশ্চিমে দিকে প্রবাহিত হয়ে কর্ণফুলী নদীতে পতিত হয়েছে।

উলেণ্ঢখ্য যে কাপ্তাই জাতীয় উদ্যান পরিচালনার জন্য দুইটি সহ-ব্যবস্থাপনা কমিটি রয়েছে। একটি কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটি এবং অপরটি কর্নফুলী সহ-ব্যবস্থাপনা কমিটি। এই সহ-ব্যবস্থাপনা কমিটি দুইটি রেঞ্জ ভিত্তিক। কাপ্তাই রেঞ্জের অধীন কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটি এবং কর্নফুলী রেঞ্জের অধীনে গঠিত হয়েছে কর্নফুলী সহ-ব্যবস্থাপনা কমিটি।



চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা সমূহ



চিত্র ২ঃ কাপ্তাই জাতীয় উদ্যানের ম্যাপ



চিত্র ৩ ঃ কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন ল্যান্ডস্কেপ এলাকার মানচিত্র

১.২ সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্যঃ

- **জীববৈচিত্র্য সংরক্ষণ:** প্রাকৃতিক সম্পদের দিক থেকে কাপ্তাই জাতীয় উদ্যান অত্যন্ড় গুর"ত্বপূর্ন। জাতীয় উদ্যানে ১৬৭ প্রজাতির উদ্ভিদ, ২০ প্রজাতির স্ড়ন্যপায়ী প্রানী, ১৪৬ প্রজাতির পাখি, ৬ প্রজাতির সরীসৃপ এবং ৪ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। জাতীয় উদ্যানের প্রধান প্রধান উদ্ভিদ প্রজাতি গুলোর মধ্যে অর্জুন, বৈলাম, নাগেশ্বর, চিকরাশী, চাপালিশ, চম্পাফুল, চালতা, শিলকরই, ঢাকিজাম, জাম, গর্জন, রিটকি, হিজক, উদল, উরিয়াম, লোহাকাঠ, কড়ই, বাটনা ইত্যাদি। উলে"খ্যযোগ্য বন্যপ্রানীর মধ্যে হাতি, বানর, মুখপোড়া হনুমান, মায়া হরিণ, ধনেশ ও অজগর ইত্যাদি। অত্যধিক জনসংখ্যার চাপে এবং অপরিকল্পিত বনজ সম্পদ আহরণের ফলে প্রাকৃতিক সম্পদ অর্থাৎ উদ্ভিদ ও বন্যপ্রাণী মারাত্নক হুমকির সম্মুখীন। তাই এ জাতীয় উদ্যানের উদ্ভিদ ও বন্যপ্রাণী তথা জীববৈচিত্র্য সংরক্ষনের পাশাপাশি বনের উপর নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নয়ন অত্যন্ড় জর"রী।
- **ল্যান্ডস্ক্যাপের উন্নয়ন:** কাপ্তাই জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপে বসবাসকারী জনগন বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। তাই ল্যান্ডস্কেপ এলাকায় বসবাসকারী জনগণের বন নির্ভলশীলতা কমানোর জন্য এ এলাকায় প্রাকৃতিক সম্পদের সম্প্রসারণ এবং জনগণের বিকল্প কর্ম সংস্থানের ব্যবস্থা করা না গেলে প্রাকৃতিক সমম্পদের উন্নয়ন সম্ভব হবে না।
- **ইকো-টুরিজম সম্প্রসারণ:** এশিয়ার বৃহত্তম কৃত্রিম হ্রদ হল কাপ্তাই হ্রদ যা কাপ্তাই জাতীয় উদ্যানের মধ্য দিয়ে প্রবাহমান। এখানে আরো বেশ কিছু ঐতিহাসিক দর্শনীয় স্থান রয়েছে, যেমন: ১৯৭৩ সনে উপমহাদেশে প্রথম সৃজিত সেগুন বাগান, কাপ্তাই মুখ বিটের অধীন শতবর্ষী রেস্ট হাউস (১৯০৬), কলবুনিয়া পাড়া মার্মা সম্প্রদায়ের (ফরেষ্ট ভিলেজ) জীবণধারা, হাতী, উল-ুক, চশমাবানর, মুখপোড়া হনুমান, কাঠ ময়ূর, মথুরা, ধনেশ প্রভৃতির বাসস্থান উলে"খযোগ্য। এসব এলাকা সম্পর্কে জনগনকে ব্যাপকভাবে জানানোর মাধ্যমে এলাকার ইকো-টুরিজমকে আরো সম্প্রসারন করা প্রয়োজন।
- **জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়া মোকাবেলা:** বনের গাছপালা কমে যাওয়ায় প্রতি বছর পাহাড় ধ্বস হচ্ছে। ২০১০ সনে এখানে প্রায় অর্ধ শত মানুষ পাহাড় ধ্বসে মারা যায়। তাছাড়া এখানে বন্যা ও জলাবদ্ধতা দেখা দিচ্ছে। তাই প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষা পাওয়ার জন্য জনগণকে ব্যাপকভাবে সচেতন করা জর"রী।
- **প্রাকৃতিক সম্পদের অপব্যবহার রোধ:** প্রাকৃতিক সম্পদের মধ্যে এখানে বন্য পশু-পাখি, বৃক্ষরাজি, পাথর ইত্যাদি উলে- খযোগ্য। অবৈধভাবে স্থানীয় জনগোষ্ঠী এ সব অমূল্য সম্পদ সংগ্রহ করছে এবং ধ্বংস করছে। তাই প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার স্বার্থে প্রতিটি প্রাকৃতিক সম্পদ যথাযথভাবে সংরক্ষনের উদ্যোগ নেওয়া দরকার।
- **বন নির্ভরশীল জনগোষ্ঠীর উন্নয়ন:** অতি দারিদ্র্যের কারণে এলাকার বহু লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিভিন্ন বনজ সম্পদের উপর নির্ভরশীল। প্রাকৃতিক সম্পদের যথাযথ সংরক্ষণ ও উন্নয়নে বন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্ম সংস্থান/আয়ের ক্ষেত্র সৃষ্টি করা না হলে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ অত্যন্ড় কঠিন হবে। তাই স্থানীয় বন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প আয়ের ব্যবস্থা করার উদ্যোগ নিতে হবে।

- **রক্ষিত এলাকা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি:** কাপ্তাই জাতীয় উদ্যান একটি সংরক্ষিত বন। এখানকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবহারে সরকারের বিভিন্ন আইন কানুন রয়েছে। তাই এ এলাকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও জনগোষ্ঠীর ব্যবহারের ব্যাপারে জনগণকে ব্যাপকভাবে সচেতন করা জর"রী।

উপরোক্ত উদ্দেশ্যগুলি একটি পরিকল্পনার মাধ্যমে লিপিবদ্ধ করত: এর যথাযথ বাস্ড়বায়ন সম্পর্কে সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত নেতৃবৃন্দকে উপযোগী করে তোলাই এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের মূল উদ্দেশ্য।

২.০ জীববৈচিত্র্য সংরক্ষণের বৈশিষ্টসমূহ

২.১ জীববৈচিত্র্যের গুর"ত্ব ঃ

কোন এলাকার জীববৈচিত্র্য সংরক্ষন এর গুর"ত্ব বলার অপেক্ষা রাখে না। জীববৈচিত্র্য প্রতিবেশের অবিচ্ছেদ্য অংশ। এদের ছাড়া পরিবেশ ও প্রতিবেশ কল্পনাও করা যায় না। জীববৈচিত্র্য যে কোন নিদিষ্ট বাস্তুতন্ত্রের খাদ্য শৃঙ্খলের প্রধান নিয়ামক। এদের ছাড়া খাদ্য উৎপাদন, পচন এবং পূনরায় খাদ্য শৃঙ্খলে ফিরে আসা অসম্ভব। বাস্তুতন্ত্রের সকল জীব ও জড় উৎপাদনের ধারাবাহিকতা ঠিক রাখতে জীববৈচিত্র্য গুর"ত্বপূর্ণ ভুমিকা পালন করে। জীববৈচিত্র্য বিনষ্ট হলে মানুষের অস্ড়িত্বও হুমকির মধ্যে পড়বে। জীববৈচিত্র্যের গুর"ত্ব মোটামুটি নিম্নরূপ ঃ

- **প্রাকৃতিক ভারসাম্য রক্ষা:** প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় জীববৈচিত্র্য এক গুর"ত্বর্পণ অবদান রাখে। উদ্ভিদ ও বন্যপ্রাণী তার জীবন চক্রের প্রতিটি ধাপে এক অন্যের উপর নির্ভরশীল। কাজেই প্রাকৃতিক ভারসাম্য রক্ষার্থে জীববৈচিত্র সংরক্ষন অপরিহার্য।
- **ইকো-টুরিজমের সুরক্ষা:** এখানে বিদ্যমান ইকো-টুরিজ্যম স্পট সমূহের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, প্রচার ও বিদ্যমান সুযোগ সুবিধা সমূহ আরো উন্নত করা হলে ইকো-টুরিজ্যম স্পটগুলো আরো আর্কষণীয় আয়বর্ধক ক্ষেত্র হিসেবে পরিগণিত হতে পারে।
- **ভূ-প্রাকৃতিক ব্যবস্থার উন্নতি:** এলাকায় বিদ্যমান পাহাড়, ছড়া ও জলাশয় গুলো বিজ্ঞান ভিত্তিকভাবে সংরক্ষণ ও উন্নয়ন করা হলে জীববৈচিত্র্য আরো সম্মৃদ্ধ হবে।
- **জলবায়ুর পরিবর্তন রোধ:** কাপ্তাই জাতীয় উদ্যানের উপর স্থানীয় জনগোষ্ঠীর নির্ভরশীলতা ব্যাপক। ফলে এলাকার প্রাকৃতিক সম্পদ দিন দিন ধ্বংস হচ্ছে। তাছাড়া বাড়ছে প্রাকৃতিক দূর্যোগও। তাই জলবায়ু পরিবর্তন রোধ কল্পে প্রাকৃতিক বন রক্ষার উদ্যোগ নিতে হবে।
- **দেশের মোট বনাচ্ছাদিত ভূমির পরিমাণ বৃদ্ধি:** জন সংখ্যা বৃদ্ধির ফলে আবাদী ভূমির পরিমান বৃদ্ধির সাথে সাথে বনভূমি সংকোচিত হচ্ছে। তাই জবরদখলকৃত বনভূমি পুনর"দ্ধার, বৃক্ষ শূন্য পাহাড়ে বনায়ন এবং বনাঞ্চল সংরক্ষণে বিদ্যমান আইন আরো যুগোপযোগী করা প্রয়োজন।

২.২ জীববৈচিত্র্য সংরক্ষণের উপযোগিতা/উপকারিতাঃ

- **বিপন্ন প্রাণী বাঁচিয়ে রাখা:** হাতী, উল-ুক, চশমা বানর, মুখপোড়া হনুমান, কাঠ ময়ূর, মথুরা, ধনেশ, হাতি, উল-ুকসহ অন্যান্য বিপন্ন প্রজাতি সংরক্ষণে, আবাস্থল পুনর"দ্ধারের জন্য সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন।
- **বিলুপ্ত প্রায় দেশীয় উদ্ভিদ ও প্রাণী প্রজাতি বৃদ্ধি:** বিপদাপন্ন প্রজাতিসমূহের জন্য নিরাপদ আবাসস্থল সৃষ্টি, বৃক্ষ রোপণ ও প্রাণী প্রজাতির প্রজননের ব্যবস্থা করা দরকার।
- **দরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকার ইতিবাচক পরিবর্তন:** বিভিন্ন বিকল্প আয়বর্ধক কর্মসূচীর মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর অর্থিক অবস্থার উন্নয়ন করা প্রয়োজন। যাতে তারা প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ অবদান রাখতে পারে।
- **পরিবেশ বান্ধব পর্যটন শিল্পের উন্নয়ন:** বিদ্যমান প্রাকৃতিক পর্যটন স্পট সমূহের প্রাকৃতিক পরিবেশ অক্ষন্ন রেখে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা গ্রহন ও বাস্ড়বায়ন করা প্রয়োজন।
- **ভূমিক্ষয় প্রতিরোধ:** ব্যাপক হারে বনায়ন করে ভূমিক্ষয় প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

২.৩ বন্যপ্রাণী সংরক্ষণ

'বন আইন ১৯২৭' এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ (সংশোধিত) আদেশ ১৯৭৪' অনুযায়ী এ জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা ও সম্পদ সংরক্ষণ করা হচ্ছে।

বাধা সমূহ ঃ

- ❖ চোরা শিকারীরা ফাঁদ পাতে বা অন্য কোন প্রক্রিয়ায় এ উদ্যানে বন্যপ্রাণী শিকার করে। এ ধরনের শিকার বন্ধের উদ্যোগ নেওয়া অতীব জর"রী।
- ❖ কৃষি কাজের জমি তৈরী করতে, ছন সংগ্রহ বা জুম চাষের জন্য বনে আগুন দেওয়া হয়। এর ফলে বন্যপ্রাণী আতঙ্কিত হয় এবং তাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হয়। তাই এ সকল কার্যক্রম বন্ধের উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।
- ❖ বন্যপ্রাণীর খাবার সরবরাহকারী উদ্ভিদ প্রজাতির সংখ্যা দিন দিন কমে যাচ্ছে, ফলে সৃষ্ট খাবার সংকটের কারনে বন্যপ্রাণী লোকালয়ে প্রবেশ করছে অতঃপর মানুষের হাতে ধরা পড়ে প্রাণ হারাচ্ছে। পর্যাপ্ত বনাচ্ছাদন না থাকায় এবং বিশেষ বন্যপ্রাণীর প্রয়োজনীয় বিশেষ বিশেষ প্রজাতির গাছ এবং বড় গাছের সংখ্যা কমে যাওয়ায় আবাস্থলের সংকট প্রকট হচ্ছে। এ সব সমস্যা সমাধানের জন যথাযথ উদ্যোগ গ্রহন জর"রী।
- ❖ বনের অভ্য"ড়রে বিভিন্ন সম্পদ সংগ্রহ ও অন্য নানাবিধ প্রয়োজনে মানুষের অনুপ্রবেশ বাড়ছে এবং এটা বণ্যপ্রাণীর স্বাভাবিক বিচরণ বাধাগ্রস্থ করছে। অবৈধ বৃক্ষ নিধন প্রক্রিয়া অব্যহত থাকায় বন্যপ্রাণীর আবাস্থল ও খাদ্যের সংকট হচ্ছে । এ সব সমস্যা সমাধানের জন যথাযথ উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।
- ❖ অবৈধ জবর দখল প্রক্রিয়া চলমান থাকায় দিন দিন বনভূমি সংকুচিত হচ্ছে এবং বন্যপ্রাণীর ওপর এর নেতিবাচক প্রভাব পড়ছে। এই সকল জবরদখলীয় বনভূমি দখলমুক্ত করার ব্যবস্থা গ্রহণ সহ পুন: বনায়নের আওতায় আনা যেতে পারে।

২.৪ বনাঞ্চলের সীমারেখাঃ

- ❖ **বনাঞ্চল জরিপ / জোনিং:** আধুনিক প্রযুক্তি ব্যবহার করে বনাঞ্চল জরীপ করে বিভিন্ন জোন চিহ্নিত করা যেতে পারে।
- ❖ **প্রাকৃতিক চিহ্ন দিয়ে সীমানা সৃষ্টি:** বনাঞ্চলে বিদ্যমান বিষেশতঃ গর্জন, সেগুন, তেলসুর প্রভৃতি বৃক্ষ দ্বারা অথবা ছড়া বা রাস্ড়া ধরে স্থায়ীভাবে বনের সীমানা নির্ধারন করা যেতে পারে।
- ❖ **সীমানা পিলার স্থাপন:** জরীপ শেষে বনাঞ্চলের চারিপার্শ্বে কিছু দূর পর পর প্রয়োজনে স্থায়ী পিলার স্থাপন করা যেতে পারে।
- ❖ **জবরদখল প্রতিরোধ:** বনভূমি জবরদখল রোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি এবং সরকারী বিদ্যমান আইন কঠোরভাবে প্রয়োগ করে জবরদখল প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া দরকার।

২.৫বনাঞ্চলের জীব ভৌত অবস্থাঃ

কাপ্তাই জাতীয় উদ্যান বিভিন্ন প্রজাতির গাছ ও বিরল প্রজাতি সহ অসংখ্য জীব-জন্তুতে ভরপুর। এখানকার ক্রান্ড়ীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন এর অন্ড়র্ভূক্ত। এতে অনেক গুলি উচুঁ নীচু পাহাড় রয়েছে যা কাপ্তাই জাতীয় উদ্যান পাহাড়ী বনের প্রতিনিধিত্ব করে। এই জাতীয় উদ্যান এলাকার মাটি মূলতঃ পাহাড়ী বাদামী বর্নের, শিলামাটি, বেলে-দোআঁশ প্রকৃতির এবং অম্-ীয় তবে অম্- ত্বের মাত্রা স্থানভেদে কমবেশী হয়। এখানকার মাটি অপেক্ষাকৃত কম উর্বর কিন্তু আর্দ্র উষ্ণ মন্ডলীয় আবহাওয়ায় পতিত লতা-পাতার পচন দ্র"ত ঘটে বিধায় মাটির উপরিভাগ

অপেক্ষাকৃত হিউমাস সমৃদ্ধ। পাহাড়ের অধিকাংশ এলাকা বৃক্ষ শূন্য হওয়ায় প্রতি বছর এখানে ব্যাপক ভূমি ধ্বস্ বিদ্যমান। তথাপি এখানে হাতি, হরিণ, বানর, হনুমান, উল-ুক, চশমা পরা বানর, কাঠ ময়ূর, সজার, শুকর, বন মোরগ, বন বিড়াল, শিয়াল, ময়না, ধনেশ, টিয়া, পেঁচা, বক, শালিক, হায়না, অজগর সহ বিভিন্ন প্রজাতির সাপ রয়েছে। পাহাড়ী ছড়ায় বিভিন্ন প্রজাতির কচ্ছপ রয়েছে। পাহাড় হতে উৎপন্ন ছড়া ও ঝর্ণা কর্ণফুলী নদীতে এবং এ নদী অতঃপর বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৩.০ জীববৈচিত্র্য এবং আবাসস্থলঃ

৩.১ পরিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রাণিকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশে- ষণ

বনাঞ্চল ও বন্যপ্রানী: কাপ্তাই জাতীয় উদ্যান মূলতঃ একটি ক্রান্ডীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন। এ বনকে সংরক্ষিত বন হিসেবে ঘোষণা করার আগে এখানে জুম চাষ করা হত। বর্তমানে এখানে কিছু প্রাকৃতিক ও সৃজিত বৃক্ষের বন রয়েছে। এখানে গর্জন, সেগুন, জাম, বাটনাসহ বহু মূল্যবান গাছ এবং অতি বিপন্ন ও বিরল প্রজাতির হাতী, উল-ুক, চশমাপরা বানর, মুখপোড়া হনুমান, কাঠ ময়ূর, মথুরা, ধনেশ বিভিন্ন প্রজাতির পশুপাখি আছে।

এ অভয়ারণ্যে ১৬৭ প্রজাতির উদ্ভিদ, ২০ প্রজাতির স্ড়ন্যপায়ী প্রানী, ১৪৬ প্রজাতির পাখি, ৬ প্রজাতির সরীসৃপ এবং ৪ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। কর্ণফুলী নদী নিকটবর্তী থাকায় পাখির খাদ্য সহজলভ্য হলেও পাকা সড়ক থাকায় শব্দ দূষণের ফলে পাকপাখালি হারিয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। এখানকার কিছু প্রাণী ও উদ্ভিদ প্রজাতি বর্তমানে সংকটাপন্ন।

কৃষিঃ কাপ্তাই জাতীয় উদ্যান ল্যান্ডস্কেপে ধান, তরমুজ, শশা, ক্ষীরা, বেগুন, মরিচ, আলু, কচু, হলুদ, বিভিন্ন সবজি আবাদ করা হয়।

বনাঞ্চল ভিত্তিক পণ্যসমূহঃ

কাপ্তাই জাতীয় উদ্যানে উৎপাদিত পন্যসমূহ বনের ওপর নির্ভরশীল হতদরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকায়নে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ বনে উৎপাদিত উলে- খযোগ্য পন্যগুলি হলঃ ঘর ও আসবাবপত্র তৈরির কাঠ, জ্বালানী কাঠ, ঔষুধি গাছ, বাঁশ ও বেত, অর্কিড, মধু, বিভিন্ন প্রকার ফল-ফলাদি, ছন, ধানসহ বিভিন্ন ফল ও সবজি।

৩.২ জীব বৈচিত্র্যের ব্যবহারঃ

কাপ্তাই জাতীয় উদ্যানের চারপাশে বিশাল জনগোষ্ঠী বসবাস করে। দৈনন্দিন চাহিদা মেটানোর পাশাপশি জীবন ও জীবিকার প্রয়োজনে তারা এ বন থেকে নিয়মিত জ্বালানি কাঠ, বাঁশ, বেত, বনজ ফলমূল, মধু ইত্যাদি সংগ্রহ করে। যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানকার উৎপাদিত পন্য দেশের বিভিন্ন জায়গায় সহজে পরিবহন ও সরবরাহ করা যায়।

৪.০ জীববৈচিত্র্য ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা

৪.১ বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতিসমূহ

- বর্তমানে কাপ্তাই জাতীয় উদ্যানটি সহ-ব্যবস্থাপনার পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। 'নিসর্গ নেটওয়ার্ক' এর সহায়তায় এখানে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হয়েছে। বর্তমানে সরকার রক্ষিত বন সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। এক্ষেত্রে অংশগ্রহণ ও সহযোগিতার ভিত্তি হচ্ছে, রক্ষিত এলাকার বন ও জলাভূমি থেকে প্রাপ্ত সুফল বা উপকার

সকল অংশগ্রহণকারী ও সহযোগিদের মধ্যে সুষমবণ্টন এবং সিদ্ধান্ড় গ্রহন প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশগ্রহনের নিশ্চয়তা। অংশগ্রহণ ও সহযোগীতার মাধ্যমে রক্ষিত বন এলাকা সংরক্ষণের এ প্রক্রিয়াটিকে 'সহ-ব্যবস্থাপনা পদ্ধতি' বলা হয়। সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে কাপ্তাই জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে কাপ্তাই রেঞ্জের অধীনে একটি সহ-ব্যবস্থাপনা সংগঠন নিয়োজিত আছে। এ সংগঠন দ্বিস্ড়র বিশিষ্ট। প্রথম স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কাউন্সিল' যা নীতি নির্ধারণী স্ড়র হিসেবে কাজ করে এবং দ্বিতীয় স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কমিটি' যা নীতিমালার আলোকে গৃহীত কার্যক্রম বাস্ড়বায়ন করে। উপরোক্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কাপ্তাই জাতীয় উদ্যানের কাপ্তাই রেঞ্জের আওতায় ২২টি ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ), ১টি পিপল্ ফোরাম (পিএফ), ৫টি কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি), ১টি সিএমসি, ২টি এফসিসি (যুব সংগঠন) গঠন করা হয়েছে।

- ❖ 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' এবং 'বন আইন ১৯২৭' এর নির্দেশনা অনুযায়ী বন অধিদপ্তরের 'পার্বত্য চট্টগ্রাম দক্ষিণ বন বিভাগ, রাঙ্গামাটি ' কর্তৃক কাপ্তাই জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা পরিচালিত হয়।
- ❖ উলে- খিত আইন অনুযায়ী, কাপ্তাই জাতীয় উদ্যানের ৫৪৬৪.৭৮ হেক্টরের সীমানার মধ্যে কোন প্রকার বনজ দ্রব্য আহরণ, পরিবহন ও অপসারণ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ।

৪.২ বন্যপ্রাণী ব্যবস্থাপনা

কাপ্তাই জাতীয় উদ্যান ১৯২৭ সালের বন আইন এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ (সংশোধিত) আদেশ ১৯৭৪' অনুযায়ী পরিচালিত হচ্ছে। বন্যপ্রানী ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনাসহ বন্যপ্রানীর আবাসস্থল উন্নয়ন এবং বংশ বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্নিত পদক্ষেপ গ্রহন করা যেতে পারে:

- ❖ **পশু খাদ্যের বাগান সৃজন :** কাপ্তাই জাতীয় উদ্যানের গুরুত্বপূর্ণ প্রাণীর মধ্যে রয়েছে অতি বিপন্ন হাতী, উল-ুক, চশমাপরা বানর, মুখপোড়া হনুমান, কাঠ ময়ূর, মথুরা, ধনেশ প্রভৃতি। খাদ্যাভাবে এরা দিন দিন বিলুপ্তির পথে এগিয়ে যাচ্ছে। এমনকি খাদ্যের সন্ধানে অনেক সময় এরা লোকালয়ে চলে আসে। যার দরুন প্রতি বছর কাপ্তাইয়ের বিভিন্ন গ্রামাঞ্চলে গড়ে ১৫-২০ ঘরবাড়ি ও শস্যের ক্ষতি সাধিত হয়। তাই জরুরীভাবে বিশেষ এলাকা চিহ্নিত করে বাঁশ, কলাসহ বিভিন্ন পশু খাদ্যের বাগান সৃজনে জরুরী পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।
- ❖ **আবাসস্থল উন্নয়ন :** বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়নের জন্য বৃক্ষ শূন্য পাহাড় উপযুক্ত প্রজাতির চারা দ্বারা বনায়নের আওতায় আনা যেতে পারে।
- ❖ **বংশ বৃদ্ধি/উন্নয়ন :** অতি বিপন্ন উদ্ভিদ ও প্রাণী প্রজাতিসমূহের বংশ বৃদ্ধির প্রযোজনীয় উদ্যোগ নেওয়া।
- ❖ **পশুপাখি রক্ষায় জনমত তৈরী করা :** বন্য গাছপালা, পশুপাখি যে পরিবেশের অবিচ্ছেদ্য অংশ তা বনের আশেপাশে বসবাসকারী জনগণকে বুঝানোর জন্য বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচী গ্রহণ করা যেতে পারে।

৪.৩ জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধারঃ

কাপ্তাই এর পাহাড়ী বনকে প্রথমে সংরক্ষিত বনাঞ্চল হিসেবে এবং পরবর্তীতে ১৯৮৩ সনে জাতীয় উদ্যান হিসাবে ঘোষনা করা হয়। জাতীয় উদ্যান হিসাবে ঘোষনার পর এর জীববৈচিত্র ও আবাসস্থল রক্ষার প্রয়োজনে বন বিভাগ অবৈধ ভাবে বৃক্ষ নিধন, বন্যপ্রানী শিকার, বনে আগুন দেয়া ইত্যাদি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহন করে। জাতীয় উদ্যান হিসেবে স্বীকৃতি লাভের পরও এ বনে ব্যবস্থ্যাপনার দায়িত্ব' পার্বত্য চট্টগ্রাম দক্ষিণ বন বিভাগ,

রাঙ্গামাটি' ওপরই ন্যাস্ড় থেকে যায়। তদুপরি প্রয়োজনের তুলনায় অপ্রতুল হলেও জীববৈচিত্র রক্ষা তথা আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনর"দ্ধারে বিভাগটি নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হওয়ায় বর্তমানে সহ-ব্যবস্থাপনার মাধ্যমে যৌথভাবে জীববৈচিত্র্যে রক্ষা এবং আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনর"দ্ধারের চেষ্টা চলছে।

৪.৪ পরিবেশ বান্ধব পর্যটনঃ

কাপ্তাই জাতীয় উদ্যান প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত হওয়ায় এবং এর যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানে পরিবেশ বান্ধব পর্যটনের উজ্জ্বল সম্ভাবনার ক্ষেত্র বিরাজমান। সহ-ব্যবস্থাপনা কমিটি কাপ্তাই জাতীয় উদ্যানের সাথে সম্পৃক্ত হওয়ায় এবং জাতীয় উদ্যানের অভ্যন্ড়রে ও বাইরে নানাবিধ পরিবেশ বান্ধব পর্যটন সুবিধার বিস্ড়ার ঘটায় ইতিমধ্যে এখানে উলে- খযোগ্য সংখ্যক দেশী বিদেশী পর্যটকের আগমন ঘটছে। সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী, এই জাতীয় উদ্যানের পর্যটন সুবিধা হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর সহ-ব্যবস্থাপনা কমিটিকে প্রদান করা হয়। এ অর্থ দ্বারা সহ-ব্যবস্থাপনা কমিটি কাপ্তাই জাতীয় উদ্যানের জীববৈচিত্র সংরক্ষন সহ তৎসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকার সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজে ব্যয় করার ঘটনা আমাদের দেশে নজিরবিহীন। জাতীয় উদ্যান কেন্দ্রিক ১টি পিকনিক স্পট, টয়লেট সুবিধা, পানি সরবরাহ, টুরিস্ট শেড, বসার বেঞ্চ ইত্যাদি তৈরী করা হয়েছে। এখানে ৭ জন প্রশিক্ষিত ইকো-ট্যুর গাইড আছে। এছাড়া পর্যটক এবং বনের নিরাপত্তা বিধানের জন্য বন বিভাগের সাথে সিপিজির সদস্যরা নিয়োজিত আছে।

৪.৫ বনাঞ্চলভিত্তিক উৎপাদিত পণ্য ব্যবস্থাপনা

পূর্বে নির্দিষ্ট অংকের রাজস্ব গ্রহনের বিনিময়ে বন হতে উৎপাদিত পণ্য আহরণের জন্য পারমিট প্রদান করা হতো। কিন্তু জাতীয় উদ্যান ঘোষনার পর থেকে এ কার্য্যক্রম বন্ধ রয়েছে। বনের ভিতর ও আশেপাশের বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠী তাদের জীবিকায়নের প্রয়োজনে এর সম্পদসমূহ আহরন করে। তবে এ ধরণের প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রনয়ন এবং এর সঠিক প্রয়োগ বাঞ্চনীয়।

৪.৬ জাতীয় উদ্যান ব্যবস্থাপনায় অসুবিধা সমূহ ঃ

- ❖ কাপ্তাই জাতীয় উদ্যানের ম্যাপ নিয়মিতভাবে হাল নাগাদ না করা
- ❖ নিয়মিত বা নির্ধারিত বিরতিতে বন শুমারী পরিচালনা না করা
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় জনবলের অভাব
- ❖ বনবিভাগের প্রয়োজনীয় পরিবহন ও আধুনিক উপকরণের স্বল্পতা
- ❖ বনকর্মীদের আধুনিক বন ব্যবস্থাপনা সম্পর্কিত দক্ষতার অভাব
- ❖ যৌথ বন টহল দলের সদস্যদের মাঝে পারস্পরিক আস্থার অভাব
- ❖ সরকারী অন্যান্য নিরাপত্তা বাহিনীর সাথে বন বিভাগের কার্যকরী যোগাযোগের অভাব
- ❖ কমিউনিটি পেট্রলিং গ্রুপের জন্য অপ্রতুল আর্থিক সুযোগ সুবিধা
- ❖ একটি কার্যকর সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠান এখনও প্রতিষ্ঠিত না হওয়া

৪.৭ প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যুসমূহ ঃ

কাপ্তাই জাতীয় উদ্যানের ব্যবস্থাপনায় বন বিভাগের সহযোগী, সহ-ব্যবস্থাপনা কমিটি সম্পৃক্ত হওয়ায় তাদের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত পদক্ষেপ সমূহ জর"রী ঃ

- ❖ **নিয়মিত সিএমসি / সংশি- ষ্ট কমিটির মিটিং:** সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী সিএমসির সহ সকল সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা করা
- ❖ **আয় ব্যয়ের স্বচ্ছতা:** সিএমসির আয় ব্যয়ের হিসাব সিএমসি সভায় উপস্থাপন এবং পরবর্তীতে সংশি- ষ্ট সহ-ব্যবস্থাপনা কাউন্সিলের অনুমোদন করিযে নেওয়া
- ❖ **রেজুলেশন ও প্রতিবেদন:** প্রতিটি সভার বিভিন্ন আলোচ্য বিষয়ে গৃহীত সিদ্ধান্ড় সমূহ কার্য বিবরণী হিসেবে তৈরী করত: সংশি- ষ্ট মহলে যথা সময়ে প্রেরণ নিশ্চিত করা
- ❖ **জবাবদিহিতা ও আমানতদারিতা:** প্রতিটি সদস্যের উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকা এবং সম্পাদিত কর্তব্য সম্পর্কে যে কোন সময় জবাবদিহিতার জন্য প্রস্তুত থাকা

৫.০ ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা

৫.১ ল্যান্ডস্কেপ পন্থা

ল্যান্ডস্কেপ পন্থা হল এমন একটি উপায় যার মাধ্যমে কাপ্তাই জাতীয় উদ্যান ব্যবস্থাপনা কার্যক্রম শুধূমাত্র জাতীয় উদ্যানের অভ্যন্ড়রের সম্পদ, জীববৈচিত্র্য, প্রতিবেশ ইত্যাদি রক্ষায় সীমাবদ্ধ না রেখে জাতীয় উদ্যান এর বাহিরেও বিদ্যমান সকল উপাদান অর্থাৎ পরস্পর সম্পর্কযুক্ত আবাসস্থল/বন, প্রতিবেশ ব্যবস্থা, নির্ভরশীল জনগোষ্ঠী, সামাজিক/প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে যথাযথ গুর"ত্ব প্রদান করে এবং পরস্পর সমন্বয় সাধনের মাধ্যমে ব্যবস্থাপনা পদ্ধতি প্রনয়ন পূর্বক তা বাস্ড়বায়ন করা।

৫.২ রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা

- ❖ **কাপ্তাই রেঞ্জের দক্ষিনে কর্ণফুলী রেঞ্জ:** পূর্বে বাইয্যাতলী ১১৯ নং মৌজা, দক্ষিণে আড়াছড়ি মৌজা ও পাল্ল উড বন বিভাগ, কাপ্তাই, এবং পূর্বে চিৎমরম ৩২৩ মৌজা অবস্থিত।
- ❖ **ল্যান্ডস্কেপ এলাকার গ্রাম বা পাড়া:** কাপ্তাই সহ-ব্যবস্থাপনাধীন কমিটির আওতাভূক্ত গ্রাম ও পাড়া গুলো হল: কামিলাছড়ি, জীবতলি হেডম্যানপাড়া, জীবতলি চেয়ারম্যান পাড়া, দীঘলছড়ি, নাউভাঙ্গা, ঢেবাছড়ি, ব্যাঙছড়ি, ব্যাঙছড়ি মুসলিম পাড়া, মুরগি টিলা, বাদশা মিয়া ঠিলা, জেলে পাড়া, মিস্ত্রী টিলা, বালুচর, সীতার ঘাট, বেলাবো পাড়া, শিলছড়ি মারমা পাড়া, নুনছড়ি পাড়া, ডুলুছড়ি, ফুট্যাছড়ি, উজানছড়ি, রামপাহাড় ইত্যাদি।
- ❖ **গ্রামাঞ্চল হাটবাজার:** ল্যান্ডস্কেপ এলাকায় বেশ কিছু দৈনিক ও সাপ্তাহিক হাট-বাজার নিয়মিত বসে।
- ❖ **জলাভূমি নদী:** পাহাড় হতে উৎপন্ন কিছু ছড়া এবং খাল কর্ণফুলী নদীতে পতিত হয়েছে, পরবর্তীতে কর্নফুলী নদী বঙ্গোপসাগরের সাথে মিলিত হয়েছে।
- ❖ **বিদ্যমান কৃষি জমি:** বাফার জোন এবং ল্যান্ডস্কেপ এলাকায় কৃষি জমি বিদ্যমান যেখানে বিভিন্ন ধরণের ফসল নিয়মিত চাষ করা হয়
- ❖ **উপজাতি পল-ী:** ল্যান্ডস্কেপ এলাকায় মার্মা, চাকমা, তংচঙ্গা, প্রভৃতি সম্প্রদায়ের বসতি রয়েছে
- ❖ **শিক্ষা প্রতিষ্ঠান:** ল্যান্ডস্কেপ এলাকায় স্কুল, মাদ্রাসা, কলেজ এবং এনজিও সংস্থার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

৫.৩ ভূমি ব্যবহারে বর্তমান অবস্থা

কাপ্তাই জাতীয় উদ্যান সহ-ব্যবস্থাধীন এলাকায় প্রাকৃতিক বন রয়েছে ১,৯৯২ একর। এছাড়া বিভিন্ন মেয়াদী বাগান রয়েছে ৩,৯৬৭.৯৫ একর এবং গো-খাদ্যের বাগান ১১.১৮ একর। ১০.০ একর ভেষজ বাগান সহ ১৩.০০ একর

এলাকায় বেত বাগান রয়েছে। বর্তমানে প্রায় ৫০.০০ একর জমি জবর দখলে আছে। ভিলেজারের সংখ্যা ৯৮ পরিবার।

বনের অভ্যন্ড়রে যে সকল এলাকায় প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পূনর"জ্জীবন প্রক্রিয়া সংঘটিত হচ্ছে না এমন কিছু এলাকায় বন বিভাগ ইতিমধ্যে এনরিচমেন্ট বাগান সৃজন করেছে। ল্যান্ডস্কেপ এলাকার বিভিন্ন রাস্ড়ার (সড়ক ও জনপথ, ইউনিয়ন পরিষদ, এলজিইডি ইত্যাদি) দুই ধারে অংশীদারিত্বের ভিত্তিতে স্ট্রীপ বা সড়ক বনায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। স্থানীয় জনসাধারণ ল্যান্ডস্কেপ এলাকায় এবং অনেক সময় জবরদখলকৃত বনভূমিতে কৃষি কাজ মূলতঃ সব্জি চাষ করে। কৃষি ও সব্জি চাষে উৎপাদিত ফসল তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জনেও সহায়তা করে।

৫.৪ সংলগ্ন / সংশি- ষ্ট গ্রামসমূহ

কাপ্তাই জাতীয় উদ্যানে ২২টি গ্রাম/পাড়া রয়েছে, যথা: কামিলাছড়ি, জীবতলি হেডম্যানপাড়া, জীবতলি চেয়ারম্যান পাড়া, দীঘলছড়ি, নাউভাঙ্গা, ঢেবাছড়ি, ব্যাঙছড়ি, ব্যাঙছড়ি মুসলিম পাড়া, মুরগি টিলা, বাদশা মিয়া ঠিলা, জেলে পাড়া, মিস্ত্রী টিলা, বালুচর, সীতার ঘাট, বেলাবো পাড়া, শিলছড়ি মারমা পাড়া, নুনছড়ি পাড়া, ডুলুছড়ি, ফুট্যাছড়ি, উজানছড়ি, রামপাহাড় ইত্যাদি।

৫.৫ স্টেকহোল্ডার পর্যালোচনা

কাপ্তাই জাতীয় উদ্যানের চারপাশে নিম্নবর্নিত তিন ধরনের স্টেকহোল্ডার রয়েছে। যথাঃ

- **প্রাতিষ্ঠানিক স্টেকহোল্ডারঃ** বন বিভাগ, এন জি ও, ইউনিয়ন পরিষদ, ব্যাংক, বি ডি আর এবং পুলিশ।

- **প্রাথমিক স্টেকহোল্ডারঃ** জ্বালানী কাঠ সংগ্রাহক, অবৈধ বৃক্ষ নিধনকারী ও পাচারকারী, বাঁশ ও কাঠ সংগ্রাহক, শাক-সব্জি সংগ্রহকারী, মধু সংগ্রহকারী, বনের জমি জবরদখলকারী, জুম চাষি, পর্যটক, শিকারী ইত্যাদি।

- **দ্বিতীয় স্ড়রের স্টেকহোল্ডারঃ** কাঠ ব্যবসায়ী, স' মিল মালিক, ইট ভাটার মালিক, ফার্নিচার ব্যবসায়ী, ইত্যাদি।

কাপ্তাই রেঞ্জ সহ-ব্যবস্থাপনার আওতায় ২২টি গ্রাম/পাড়ায় আনুমানিক প্রায় ১০৪৫টি পরিবারে জনসংখ্যা ৫২০০ জন। এখানে বয়স্ক শিক্ষার হার প্রায় ৩০%। প্রায় ৩০% জনগোষ্ঠী কৃষি নির্ভর, ১০% মৎস্যজীবী, ৫০% দিন মজুর এবং ১০% অন্যান্য পেশায় জড়িত।

৫.৬ কৃষি জমি এবং বসত ভিটার ব্যবহার

ল্যান্ডস্কেপ এলাকায় এবং অনেক সময় অবৈধ ভাবে জবরদখলকৃত বনভূমিতে ধান ও সব্জি চাষ করে স্থানীয় জনসাধারণ তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জন করে। ল্যান্ডস্কেপ এলাকায় তরমুজ, ভাঙ্গি, ভূট্টা, ধান চাষ বেশ জনপ্রিয় এবং জীবিকা অর্জনের অন্যতম মাধ্যম। বসত বাড়ীতে ফলজ গাছ, বনজ গাছ, ঔষধী গাছ রোপণ ও পরিচর্যা করা হয়।

৫.৭ বনভুমি অবৈধ দখলঃ

কাপ্তাই জাতীয় উদ্যান এবং কাপ্তাই সহ-ব্যবস্থাপনাধীন কমিটির আওতাধীন এলাকায় বর্তমানে ৫০.০০ একর জমি জবর দখলে আছে বলে জানা যায়। সংশি- ষ্ট কতৃপক্ষ অত্যান্ড় সচেতন না হলে এ দখলের পরিমাণ দ্র"ত বাড়তে পারে।

পার্ট - ২

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশমালা

১.০ রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা

১.১ উদ্দেশ্য

কাপ্তাই জাতীয় উদ্যানের সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের উদ্দেশ্য হল একটি পরিকল্পনার মাধ্যমে এই উদ্যানের সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ বন এলাকা টিকিয়ে রাখাসহ এর জীববৈচিত্র্যকে সর্বোচ্চ সম্ভাব্য অবস্থায় ধরে রাখা। এছাড়াও এর আশেপাশে বসবাসকারী বনের উপর নির্ভরশীল দ্ররিদ্র জনগোষ্ঠীকে এর ব্যবস্থাপনায় সম্পৃক্ত করে তাদের আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নয়ন। এই পরিকল্পনার প্রধান উদ্দেশ্য গুলো নিম্নরূপ ঃ

- ❖ এমন একটি সহ-ব্যবস্থাপনা গড়ে তোলা যা কাপ্তাই জাতীয় উদ্যানের জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য গৃহীত দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিজেরাই প্রনয়ন এবং তা বাস্ড়বায়ন করবে
- ❖ সকল স্টেকহোল্ডারদের অংশীদারিত্বের ভিত্তিতে এবং মূল স্টেকহোল্ডার ও স্থানীয় অধিবাসীদের মধ্যে অংশীদারীত্বের ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা দলের অনুবর্তী হয়ে জীববৈচিত্র্য সংরক্ষণে কাজ করা
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য কর্মপদ্ধতি প্রণয়ন, কর্ম প্রক্রিয়া নির্ধারণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক কাজের সক্ষমতা অর্জন এবং তা উত্তরোত্তর বৃদ্ধি করা
- ❖ কাপ্তাই জাতীয় উদ্যানের উদ্ভিদ এবং বন্যপ্রাণী সংরক্ষণ করা, যার অন্ড়র্ভূক্ত থাকবে ভয়াবহ বিপদের সম্মুখীন প্রাণী, হুমকীর মুখে থাকা প্রাণী, এবং দূর্লভ প্রজাতির গাছ
- ❖ যত দ্র“ত সম্ভব উদ্ভিদকূল, প্রাণীকূল ও ভৌত উপাদান সম্পর্কিত বিষয় পুনর“দ্ধার সহ বনজ প্রতিবেশের উৎপাদনশীলতা ধরে রাখা
- ❖ নির্দিষ্ট কিছু স্থানে পরিবেশ বান্ধব পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের ভ্রমণের জন্য বিদ্যমান ট্রেইলের উন্নয়নসহ জাতীয় উদ্যানের সার্বিক উন্নতি
- ❖ সর্বোপরি, বিকল্প আয় সৃষ্টি সংক্রান্ড় কাজে কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় বননির্ভরশীল দরিদ্র জনগনের দক্ষতা বৃদ্ধিসহ জীবিকার উন্নয়ন

উপরোক্ত উদ্দেশ্যগুলো অর্জনের জন্য মূল কার্যক্রমের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম গুলোও হাতে নিতে হবেঃ

- ❖ জরিপের মাধ্যমে কাপ্তাই জাতীয় উদ্যানের সীমানা চিহ্নিত করা
- ❖ এমন একটি সহ-ব্যবস্থাপনা মডেল গড়ে তোলা যার সাথে সম্পৃক্ত কাজে সংশি- ষ্ট নীতি বিষয়ক নির্দেশনা প্রণয়ন, সহ-ব্যবস্থাপনাকে রক্ষিত এলাকা সংরক্ষণের সাথে সংগতিপূর্ণ এবং এতে প্রধান স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করনের মাধ্যমে এর ব্যবস্থাপনা পরিচালিত করা
- ❖ জীববৈচিত্র্যের জরিপ পরিচালনা করা
- ❖ বন বিভাগের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা যাতে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় সংশিণ্টষ্ট বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী যথাযথ ভূমিকা রাখতে পারে
- ❖ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং সংরক্ষণ বিষয়ক ইস্যুতে সম্প্রসারণ কার্যক্রম গড়ে তোলা
- ❖ স্থানীয় স্টেকহোল্ডার এবং বন বিভাগের কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংরক্ষণ ব্যবস্থাপনা, আয় বৃদ্ধি ও সচেতনতা সৃষ্টিসহ রক্ষিত এলাকার সংরক্ষন এবং সুবিধার উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের সক্ষমতা অর্জন
- ❖ কাপ্তাই জাতীয় উদ্যানের মধ্যে দর্শনার্থীদের জন্য অপরিহার্য সুযোগ সুবিধার উন্নয়ন করা
- ❖ অংশীদারিত্বের ভিত্তিতে আশেপাশের গ্রামগুলিতে বনায়নের মাধ্যমে বনজ সম্পদের যোগান বৃদ্ধি করা
- ❖ দেশীয় জাতের চারার মাধ্যমে বনায়নকে উৎসাহিত করা এবং ধীরে ধীরে বিদেশী জাতের গাছের স্থলে দেশীয় জাতের চারা রোপণ করা
- ❖ বন নির্ভর দরিদ্র জনগনের জন্য বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২ সহ-ব্যবস্থাপনা পদ্ধতি

সরকারী সিদ্ধান্ড় অনুযায়ী প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনায় বিশেষ করে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করা হচ্ছে। সহ-ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশগ্রহণকারী ও সহযোগী সকলের মধ্যে রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুফল বা উপকার সুষমভাবে বন্টন করা সহ এর ব্যবস্থাপনা ও পরিচালন বিষয়ে সিদ্ধান্ড় গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশ গ্রহণ নিশ্চিত করা। সকল স্টেকহোল্ডারদের কার্যকরী অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনার এই প্রক্রিয়াই হচ্ছে 'সহ-ব্যবস্থাপনা'।

১.২.১ সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্যসমূহ

- ❖ রক্ষিত এলাকার জীববৈচিত্র্যের দীর্ঘমেয়াদী সংরক্ষণ নিশ্চিত করার পাশাপাশি স্থানীয় জনসাধারণকে প্রধান স্টোকহোল্ডার হিসাবে অংশ গ্রহনের সুযোগ সৃষ্টি করা
- ❖ রক্ষিত এলাকার আশপাশে বসবাসকারী জনগণের অংশ গ্রহণ ভিত্তিক বনজ সম্পদের ব্যবহার ও বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি এবং তাদের দক্ষতার উন্নয়ন ঘটানো
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য অবকাঠামো, প্রশিক্ষণ এবং যোগাযোগের সুযোগ-সুবিধা সৃষ্টিসহ উন্নততর প্রশাসনিক কাঠামো নিশ্চিতকরণ
- ❖ পরিবেশ পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধার উন্নয়ন করা
- ❖ স্থানীয় জনগণের পরামর্শ ও সক্রিয় অংশ গ্রহণের মাধ্যম সহ ব্যবস্থাপনা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া
- ❖ রক্ষিত এলাকায় বন্যপ্রাণী ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা প্রদান করা এবং প্রয়োজনীয় গবেষণার বিষয় সনাক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব ও এর সাথে খাপ খাওয়ানোর কৌশল সম্পর্কে জনগণকে সচেতন করা

১.২.২ সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহ

সহ-ব্যবস্থাপনা সংগঠন হচ্ছে সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে নির্দিষ্ট রক্ষিত এলাকার ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে নিয়োজিত সংগঠন। এই সংগঠন হচ্ছে সরকার কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট রক্ষিত এলাকার সাথে বিভিন্ন ভাবে সম্পৃক্ত জনগোষ্ঠী ও বিভিন্ন সরকারি বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত। কাপ্তাই জাতীয় উদ্যান, কাপ্তাই ব্যবস্থাপনায় নিয়োজিত সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলো হলো: ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ), পিপলস্ ফোরাম (পিএফ), সহ-ব্যবস্থাপনা কাউন্সিল এবং সহ-ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)। এছাড়াও ব্যবস্থাপনায় আওতায় অন্যান্য সহযোগী সংগঠন গুলো হচ্ছে: কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি), ফরেস্ট কনজারভেশন ক্লাব (এফসিসি), সিবিও প্রমূখ।

প্রাকৃতিক সম্পদসমূহের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহের দক্ষতা এবং নেটওয়ার্কিং তৈরীর মাধ্যমে নিমোক্ত উদ্দেশ্যগুলো অর্জিত হতে পারে ঃ

- ❖ সহ-ব্যবস্থাপনা নিয়োজিত সকল সংগঠনসমূহের মধ্যে একটি কার্যকর নেটওয়ার্ক স্থাপন
- ❖ রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনার জন্য কৌশলগত সামর্থ্য উন্নয়ন
- ❖ সহ-ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় নতুন নতুন এলাকা অন্ড়র্ভূক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় যথাযথ কর্মসূচী গ্রহণ এবং এর সঙ্গে খাপ খাওয়ানোর বিষয়টিতে যথেষ্ট গুরুত্ব প্রদান করা
- ❖ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে যথাযথ ব্যবস্থাপনা এবং জীববৈচিত্র্য সংরক্ষণে সহযোগিতা বৃদ্ধি করা
- ❖ বন নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর বনের উপর নির্ভরশীলতা কমিয়ে আনা ও বিকল্প কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২.৩ সুবিধাসমূহের বন্টনঃ

ক) ৫০ শতাংশ রাজস্ব আয় রক্ষিত এলাকার উন্নয়নে ব্যয়ঃ

রক্ষিত এলাকায় সহ-ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মকান্ড হতে প্রাপ্ত রাজস্বের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর জাতীয় উদ্যান ব্যবস্থাপনা এবং উন্নয়নে ব্যয় করার জন্য সরকার সহ-ব্যবস্থাপনা কমিটির নিকট ফেরত প্রদানের ব্যবস্থা রয়েছে। যেমন: রক্ষিত এলাকায় দর্শনার্থী কর্তৃক প্রদেয় প্রবেশ ফি, পাকিং ফি এবং স্টুডেন্ট ডরমেটরী ব্যবস্থাপনা ইত্যাদি হতে প্রাপ্ত রাজস্বের শতকরা ৫০ ভাগ সহ-ব্যবস্থাপনা কমিটির নিকট পরবর্তী বছর ফেরত দেয়া হয়। এছাড়াও সামাজিক বনায়নের মাধ্যমে উপকারভোগীগন সৃষ্ট বন হতে নিম্নরূপ লভ্যাংশ পেতে পারেন ঃ

খ) শালবন ব্যতীত বিদ্যমান বাগান ও প্রাকৃতিক বনের ক্ষেত্রেঃ

১) বন অধিদপ্তর ৫০%
২) উপকারভোগী ৪০%
৩) বৃক্ষরোপণ তহবিল ১০%

গ) স্থানীয় জনগণ নিজেদের উদ্যোগে বন বিভাগের ভূমিতে গৃহীত সামাজিক বনায়নের ক্ষেত্রেঃ

১) বন অধিদপ্তর ২৫%
২) উপকারভোগী ৭৫%

ঘ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার ভূমিতে সামাজিক বনায়নের ক্ষেত্রেঃ

১) বন অধিদপ্তর ১০%
২) উপকাভোগী ৭৫%
৩) ভূমির মালিক সংস্থা ১৫%

উপরোক্ত কার্যক্রম বাস্ড়ায়নের ফলে সুবিধাভোগীদের উপকার নিশ্চিত হবে।

১.২.৪ ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল

কাপ্তাই জাতীয় উদ্যানের অভ্যন্ড়রে এবং আশেপাশে বিপুল সংখ্যক জনগণ রয়েছে যাদের অধিকাংশের জীবিকা বিদ্যমান বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। এই জনগোষ্ঠীর বিকল্প আয় সৃষ্টি, সামাজিক ও সামষ্টিক উন্নয়নে আইপ্যাক প্রকল্প কর্তৃক ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল প্রদানের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উলেণ্ঢখ্য যে বিভিন্ন প্রকার বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষন এবং সম্পদের সহায়তা ছাড়াও আইপ্যাক প্রকল্পের ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল হতে কাপ্তাই সহ-ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ৪,৬৮,১৩০/- টাকা ব্যয়ে গ্রুপ ভিত্তিক কর্মকান্ড পরিচালিত হচ্ছে। কিন্তু সকল উন্নয়ন কর্মকান্ড অন্যান্য সংশি- ষ্ট প্রতিষ্ঠানের সহযোগিতা ছাড়া একক ভাবে আইপ্যাক প্রকল্পের মাধ্যমে অর্জন করা সম্ভব নয়। এজন্য নিসর্গ নেটওয়ার্ক সংশি- ষ্ট অংশীদার ও সমর্থনকারী বিভিন্ন সরকারী এবং বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগ ও অংশীদারিত্ব প্রয়োজন। বিকল্প আয় বৃদ্ধি ও ব্যবসায় উদ্যোগসমূহে সংশি- ষ্ট সংস্থাকে জড়িত করার মাধ্যমে বনের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভবপর হতে পারে।

কোন সেবাদানকারী প্রতিষ্ঠান হতে যেমন: ইসি, ইউএনডিপি, জাইকা, আইইউসিএন, ইউনিসেপ, জলবায়ু উন্নয়ন তহবিল ইত্যাদি থেকে তহবিল পাওয়া গেলে তার স্বচ্ছ এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করা যেতে পারে।

২.০ আবাসস্থল পূনর"দ্ধার কর্মসূচি

২.১ উদ্দেশ্যসমূহঃ

- ❖ জীববৈচিত্রের উন্নয়নের সাথে সাথে উদ্ভিদ ও প্রাণীকূলের বংশ বৃদ্ধির প্রয়াস
- ❖ রক্ষিত অঞ্চলে জনবসতি স্থাপন বন্ধ ও কৃষি কাজ নিয়ন্ত্রণের মাধ্যমে নতুন বন সৃজনসহ জীববৈচিত্র্য সংরক্ষণ
- ❖ উল-ুক, ধনেশ, হাতিসহ বিপদাপন্ন প্রাণীদের নিরাপদ বাসস্থান নিশ্চিত করা;
- ❖ বন্যপ্রাণীর অবাধ চলাচল,খাদ্য ও আশ্রয় নিশ্চিত করা
- ❖ নিয়ন্ত্রিত ইকো-টুরিজমের বিকাশ
- ❖ জলাশয়ের বিজ্ঞান ভিত্তিক ব্যবহার, ইত্যাদি।

২.২ বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদকরণ

- ❖ বর্তমান বনাঞ্চল এবং ল্যান্ডস্কেপের বাস্ড়ব সম্মত ম্যাপ তৈরী করা প্রয়োজন
- ❖ ম্যাপে বিভিন্ন জোন, ঐতিহাসিক স্থান/নিদর্শন এর সুস্পষ্ট উলে- খ থাকা দরকার

২.৩ সীমানা চিহ্নিতকরণ

সীমানা চিহ্নিতকরণের জন্য যথাযথভাবে সার্ভে করার পর সীমানা সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সীমানা পিলার স্থাপনা করা যেতে পারে। এর পাশাপাশি সচেতনতা ও নির্দেশনামূলক সাইনবোর্ড ও বিলবোর্ড স্থাপন করা। ইতিপূর্বে স্থাপিত সাইনবোর্ড ও বিলবোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেরামত ও পুনঃমুদ্রণ করা যেতে পারে।

২.৪ অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া /পশু চরানো নিয়ন্ত্রণ করাঃ

উলেণ্ঢখিত বিষয়গুলি বাস্ড়বায়নের লক্ষ্যে নিম্নবর্নিত ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন ঃ

- ❖ অবৈধ গাছ কাটা নিয়ন্ত্রণে বন বিভাগের কর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ
- ❖ যৌথ টহল দল পূর্ণগঠন ও শক্তিশালী করা সহ কাপ্তাই জাতীয় উদ্যানে নিয়মিত টহলদান নিশ্চিত করা
- ❖ যৌথ টহল দলের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করতে প্রয়োজনীয় ব্যবস্থা করা। এক্ষেত্রে, বিভিন্ন প্রকল্প ও দাতা সংস্থা হতে সাহায্য আহবান করা যেতে পারে
- ❖ জীববৈচিত্র রক্ষা কাজে দায়িত্ব পালনের ক্ষেত্রে মাঠকর্মী ও স্থানীয় লোকজনদের কেউ দৃষ্টান্ড় মূলক অবদান রাখতে পারলে তাকে পুরস্কারের ব্যবস্থা করা
- ❖ সহ-ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি করা
- ❖ বন নির্ভর দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বিকল্প আয়-বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্ড়বায়ন করা
- ❖ ল্যান্ডস্ক্যাপ এলাকার সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা।
- ❖ অবকাঠামো (স্কুল, রাস্ড়াঘাট, ব্রীজ/কালভার্ট) উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহন ও বাস্ড়বায়ন করা
- ❖ আগুন নির্বাপনী প্রয়োজনীয় যন্ত্রপাতির সরবরাহ করা
- ❖ বনে গোচারণ বন্ধে গবাদি পশুর মালিকদের উদ্বুদ্ধ করা
- ❖ বনভূমির অবৈধ দখল মুক্ত করা ও অবৈধ দখলরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা
- ❖ সিএম সি ও বন বিভাগের মধ্যে সমন্বয় সভার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ড় গ্রহণ ও বাস্ড়বায়ন করা
- ❖ গন সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার প্রচারণার লক্ষ্যে সভা ও সমাবেশ করা

৩.০ ব্যবস্থাপনা কার্য়ক্রম

৩.১ উদ্দেশ্যঃ

এই ব্যবস্থাপনা কার্যক্রমের প্রধান উদ্দেশ্য হলো ঃ

- ❖ হুমকীর সম্মুখীন নির্বাচিত বনাঞ্চলের কার্যকর প্রতিরোধ গড়ে তোলা যাতে কাপ্তাই জাতীয় উদ্যানের জীববৈচিত্র্য রক্ষা পায়
- ❖ বনের উন্নয়ন সহ প্রকৃতি সংরক্ষণের মাধ্যমে বন্যপ্রাণী বসবাসের উপযোগী করে তোলা
- ❖ বনের সম্ভাবনাময় উৎস্যগুলোকে সংরক্ষণ করা যার মধ্যে নির্বাচিত জীববৈচিত্র্যও অন্ড়র্ভূক্ত থাকবে
- ❖ স্টেকহোল্ডারদের পরামর্শ ও কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা পদ্ধতিকে শক্তিশালীকরণ

৩.২ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা

ল্যান্ডস্ক্যাপ এলাকায় স্ট্রীপ বনায়ন, সংযোগ সড়ক নির্মাণ, ব্রীজ, কালভার্ট সংস্কার/নির্মাণ, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, সেনিটেশন ব্যবস্থার উন্নয়ন, স্বল্পমূল্যে উন্নত চুলা স্থাপন/সম্প্রসারণ, ম্যালেরিয়া নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধি ও চিকিৎসা সেবা নিশ্চিত করা। এ কাজে অর্থের সংকুলান করতে সিএমসি নিজস্ব তহবিল ছাড়াও বিভিন্ন দাতা সংস্থাগুলি হতে আর্থিক সহায়তা গ্রহণের প্রচেষ্টা চালানো যেতে পারে।

সহ-ব্যবস্থাপনা কমিটির উন্নয়ন কার্যক্রমের সাথে ল্যান্ডস্কেপ এলাকার কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থার উন্নয়ন কার্যক্রমের সাথে সমন্বয় সাধন করা যেতে পারে। এতে উভয়ই উপকৃত হতে পারে।

৩.৩ রক্ষিত এলাকার মূল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা

৩.৩.১ আবাসস্থল উন্নয়ন কার্যক্রমঃ

৩.৩.১.১ এনরিচমেন্ট পণ্ডান্টেশনঃ কোর জোনের ক্ষতিগ্রস্থ অংশ যেখানে প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পুনর"জ্জীবন প্রক্রিয়া বাধাগ্রস্থ হচ্ছে সেখানে বনায়ন করা সহ বিদ্যমান প্রাকৃতিক বনের যথাযথ ব্যবস্থাপনা করা প্রয়োজন

৩.৩.১.২ ঘাস জমির উন্নয়ন ঃ তৃণভোজী বন্যপ্রাণীদের খাদ্য প্রাপ্তি নিশ্চিত করতে ঘাস বাগান সৃষ্টি করা সরকারী খাস জমি লিজ গ্রহনের মাধ্যমে ঘাস চাষের প্রচেষ্টা চালানো যেতে পারে

৩.৩.১.৩ জলাশয় রক্ষণাবেক্ষণ ঃ বন্যপ্রাণীদের জন্য বনের অভ্যন্ড়রে পানীয় জলের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বাঁধ নির্মানের মাধ্যমে জলাশয় সহ বিদ্যমান জলাশয় সংস্কার/পূণঃখনন করা যেতে পারে

৩.৩.১.৪ বিশেষ আবাসস্থল রক্ষণাবেক্ষণ ঃ বিশেষ বিশেষ বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বিশেষ ধরনের আবাসস্থল সৃষ্টি এবং তার সঠিক ব্যবস্থাপনা করা প্রয়োজন। বন্যপ্রানীর খাবার প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে পশু খাদ্যের বনায়ন করা সহ বিদ্যমান ফলদ গাছ সংরক্ষণে ব্যবস্থা গ্রহন করা যেতে পারে

৩.৩.২ আবাসস্থল পূনর"দ্ধার কার্যক্রম

৩.৩.২.১ ওয়াটারশেড ব্যবস্থাপনাঃ

- ❖ বিদ্যমান জলাধারের পানি প্রবাহের গতি পথে কোথাও যাতে প্রতিবন্ধকতা সৃষ্টি না করা হয় সেই বিষয়ে ব্যবস্থা গ্রহন। প্রয়োজনবোধে ছোট ছোট বাঁধ বা চেক ড্যাম নির্মান করে পানির প্রবাহ সচল রাখার ব্যবস্থা গ্রহন করা যেতে পারে

৩.৩.২.২. পরিবেশ বান্ধব কর্মকান্ড পূনরুদ্ধারঃ এ লক্ষ্যে

- ❖ ছড়ার দুপাড়ে বাঁশের বাগান সৃজনের উদ্যোগ গ্রহন করা যেতে পারে। এতে একদিকে যেমন ছড়ার ধারে ভূমি ধ্বস্ হবে না অপরদিকে, বাঁশ শিল্পের কাঁচামাল হিসাবে ব্যবহৃত হতে পারে
- ❖ হারিয়ে যাওয়া প্রজাতির পুনরুদ্ধার
- ❖ জবরদখলকৃত বনভূমি উদ্ধার করে তা স্থানীয় প্রজাতির চারা দ্বারা বনায়নের আওতায় আনা যেতে পারে

৩.৪ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ অঞ্চল (জোন)

৩.৪.১ বাফার অঞ্চল

- ❖ কাপ্তাই জাতীয় উদ্যানে বাফার জোন নাই। এক্ষেত্রে ল্যান্ডস্কেপ জোন ব্যবস্থাপনায় বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন।

৩.৪.২ ল্যান্ডস্কেপ অঞ্চলঃ

এখানে উলেণ্টখ করা প্রয়োজন যে ল্যান্ডস্কেপে বসবাসকারী দরিদ্র জনগনেরন উন্নয়ন ব্যতিত কাপ্তাই জাতীয় উদ্যানের উন্নয়ন সম্ভবপর নয়। কাজেই ল্যান্ডস্কেপ অঞ্চল ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনায় আনা দরকার ঃ

- ❖ ইকোট্যুর গাইড প্রশিক্ষণ। বর্তমানে প্রশিক্ষিত ৭জন ইকো-টুর গাইড আছে। প্রশিক্ষনের মাধ্যমে এর সংখ্যা আরও বাড়ানো দরকার
- ❖ ইকো-কর্টেজ স্থাপনে প্রশিক্ষন সহ আর্থিক সহায়তা প্রদান
- ❖ তাঁত বুনন/নার্সারী উত্তোলন/সবজী চাষ/রেশম চাষ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষন এবং সহায়তা প্রদান
- ❖ বনের উপর চাপ কমানোর জন্য উন্নত চুলা স্থাপনের বিষয়ে প্রশিক্ষন এবং সহায়তা প্রদান
- ❖ মৎস্য সম্পদ আহরন এবং এর সুষ্ঠ ব্যবস্থাপনার জন্য উন্নত প্রশিক্ষন এবং সহায়তা প্রদান
- ❖ ঋতুভিত্তিক সব্জি চাষের প্রশিক্ষণ ও সহায়তা প্রদান
- ❖ বাঁশ/বেতের তৈরী হস্তশিল্প বিষয়ক প্রশিক্ষণ ও সহায়তা প্রদান
- ❖ এগ্রো ফরেস্ট্রি সহ উন্নত জাতের সবজী উৎপাদনে প্রশিক্ষণ ও সহায়তা প্রদান

৪.০ জীবিকায়ন এবং ভেল্যু চেইন কর্মসূচী

৪.১ উদ্দেশ্যঃ

জীবিকায়ন এবং ভেল্যু চেইন কর্মসূচীর প্রধান উদ্দেশ্য হচেছ:

- ❖ বন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে রক্ষিত এলাকার উপর চাপ কমানো
- ❖ স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের স্থায়ী বাজার তৈরীতে সর্বাত্নক সহযোগীতা প্রদান যাতে বননির্ভর জনগোষ্ঠি তাদের উৎপাদিত পন্যসমূহ যথাযথ মূল্যে বিক্রয় করতে পারে

৪.২ ভ্যালু চেইন এবং কনজারভেশন এন্টারপ্রাইজ

ভ্যালু চেইন প্রক্রিয়াকে টেকসই করার জন্য একই পেশায় নিয়োজিত স্থাণীয় জনগোষ্টীকে দলবদ্ধকরণ, দলগতভাবে কাঁচামাল সংগ্রহ, বাজারজাতকরণে উদ্ধুদ্ধকরণ এবং বাজারের সাথে সংযোগ সৃষ্টি। বনের উপর নির্ভরশীলতা কমানোর জন্য কাপ্তাই রেঞ্জ সিএমসির আওতায় ২২টি ভিসিএফ সহ অন্যান্য সহ-ব্যবস্থাপনা সংগঠনকে ভ্যালু চেইনের আওতায় আনা হয়েছে। প্রতি ভিসিএিফ হতে ৩০ জন দরিদ্র সদস্যকে নির্ধারিত ৪ টি ট্রেডে (কৃষি, মৎস্য

চাষ, বাঁশ-বেতের জিনিস তৈরী এবং নার্সারী উত্তোলন) দলগতভাবে বিভক্ত করে প্রয়োজনীয় উপকরণ সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল হতে কাপ্তাই সিএমসির মাধ্যমে ৪,৬৮,১৩০/- টাকার প্রকল্প বাস্ড়বায়ন করা হচ্ছে। পরবর্তীতে বরাদ্ধ পাওয়ার প্রেক্ষিতে ল্যান্ডস্কেপ এলাকার জনগোষ্ঠীকে আরো ব্যাপকহারে বিভিন্ন বিকল্প আয়বর্ধক কর্মসূচীর আওতায় সম্পৃক্ত করা যেতে পারে।

৪.২.১ কৃষি এবং হর্টিকালচার ফসলঃ

- ❖ কৃষি ও হর্টিকালচার ফসল ব্যবস্থাপনা কার্যক্রম হাতে নেওয়া যেতে পারে
- ❖ উচ্চ ফলনশীল ফসলের/সব্জির আবাদ বৃদ্ধি

৪.২.১.১ সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা

- ❖ বনজ, ফলদ ও ভেষজ চারা দ্বারা বসত ভিটা বনায়নে উৎসাহ প্রদান

৪.২.১.২ উচ্চ ফলনশীল ও উচ্চ মূল্যের ফসলের চাষাবাদ

- ❖ স্বল্প সময়ে উৎপাদনের লক্ষ্যে উচ্চ ফলনশীল বীজ সরবরাহ এবং সহযোগীতা করা

৪.২.১.৩ ভিলেজ নার্সারি

- ❖ বসতভিটা ভিত্তিক নার্সারী উত্তোলনে উৎসাহিত ও সহযোগিতা প্রদান

৪.২.১.৪ হর্টিকালচার: আম্র পালি আম, বাউকুল, আপেল কুল, কমলা, কাঠাঁল, জাম, জলপাই, আমলকি, ইত্যাদির বাগান সৃজনে উৎসাহ করা

৪.২.২ মৎস্য চাষ/আহরণঃ

- ❖ ছড়া ও জলাশয়ে পরিবেশ বান্ধব পরিবেশে মৎস্য চাষে উদ্ধুদ্দ করা সহ সহযোগিতা প্রদান। একাজে ভিসিএফ/সিপিজি সদস্যদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে

৪.২.৩ বাঁশ সম্পদ উন্নয়ন

- ❖ বসত ভিটার প্রান্ড়িক জমিতে বাঁশ বাগান সৃজন এর মাধ্যমে কুটির শিল্পের কাঁচামাল সরবরাহ নিশ্চিত করা

৪.২.৪ হস্তশিল্প/তাঁত শিল্প

- ❖ দরিদ্র মহিলা ও যুবা মহিলাদের বাটিক/বুটিক, তলই, লাই ইত্যাদি তৈরীর প্রশিক্ষন সহ আর্থিক সহযোগিতা প্রদান করা যেতে পারে

৪.২.৫ উন্নত চুলাঃ

- ❖ উন্নত চুলা স্থাপনে দক্ষ কারিগর তৈরী বিষয়ে প্রশিক্ষন প্রদান সহ উন্নত চুলা স্থাপনে ল্যান্ডস্কেপ এলাকার জনগনকে উদ্যোগী করা
- ❖ সিএমসি'র উদ্যোগে স্বল্প মূল্যে ল্যান্ডস্ক্যাপ এলাকার জনগণের বসত বাটীতে উন্নত চুলা স্থাপন/সরবরাহের ব্যবস্থা করা। এক্ষেত্রে, জিটিজেড এর কাছ থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহনের প্রচেষ্টা চালানো যেতে পারে।

৪.২.৬ পুকুর সংস্কার ঃ

সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বন নির্ভর দরিদ্র জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে ল্যান্ডস্কেপ এলাকায় অবস্থিত পুকুর সংস্কার পূর্বক গ্রুপ ভিত্তিক জীবিকায়ন কর্মসূচীর মাধ্যমে মাছ চাষ সহ বিষয় ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্ড় বায়ন করা যেতে পারে।

৫.০ ফেসিলিটিজ (অবকাঠামো মূলক) উন্নয়ন কর্মসূচী

৫.১ উদ্দেশ্যসমূহ

আগত পর্যটকগণ যাতে স্বাচ্ছন্দে কাপ্তাই জাতীয় উদ্যান ভ্রমন এবং পর্যাপ্ত জ্ঞান লাভ করতে পারে সেজন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা। পর্যটকদের পরিবেশবান্ধব পরিবেশে থাকার ব্যবস্থা সহ বন ব্যবস্থাপনায় নিয়োজিত বন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অবস্থান ও পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা করা

৫.২ সুবিধাদি উন্নয়ন

